DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 02:27 PM

খেলা

# রান নেই□উইকেট নেই, তবু ম্যাচসেরা

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ব্যাটিং ও বোলিং বিভাগ ছাড়া ক্রিকেটে অবদান রাখার সুযোগ থাকে কোথায়? ফিল্ডিংয়ে। এই ফিল্ডিং করেই ম্যাচসেরা হয়েছেন উড। নিয়েছেন ৩টি ক্যাচ, সঙ্গে আরও একটি নিতে সহায়তা করেছেন। যা ম্যাচের ভাগ্য পরিবর্তনে বড় ভূমিকা রেখেছে বলেই মনে করেছেন ম্যাচসেরা নির্বাচনে জড়িত ধারাভাষ্যকারেরা।

ব্যাটিংয়ে উডের অবদান রাখার সুযোগই ছিল না। তিনি মূলত মাঠে নেমেছেন সুপার সাব হিসেবে। বোলিংয়ে ২ ওভারে রান দিয়েছেন ২১। যেখানে তাঁর দল ভাইপার্সের দেওয়া ১৯৩ রানের লক্ষ্য তাড়া করতে নেমে নাইট রাইডার্স ১৪০ রানেই গুটিয়ে গেছে। বোঝাই যাচ্ছে, অবদান রাখতে গিয়ে আরও পিছিয়ে দিয়েছেন উড!

সেটা অবশ্য ফিল্ডিংয়েই পুষিয়ে দিয়েছেন উড। শুরুটা কাইল মায়ার্সের ক্যাচ দিয়ে। অষ্টম ওভারে তখন নাইট রাইডার্সের রান ১ উইকেটে ৬৮। ওভারের পঞ্চম বলটিতে ছক্কা মেরে সবে খোলস ছেড়ে বেরিয়েছেন মায়ার্স। শেষ বলটিও ডিপ স্কয়ার লেগ দিয়ে ছক্কাই হতো, যদি না বাউন্ডারিতে উড না থাকতেন!

ব্যাটিং ও বোলিং বিভাগ ছাড়া ক্রিকেটে অবদান রাখার সুযোগ থাকে কোথায়? ফিল্ডিংয়ে। এই ফিল্ডিং করেই ম্যাচসেরা হয়েছেন উড। নিয়েছেন ৩টি ক্যাচ, সঙ্গে আরও একটি নিতে সহায়তা করেছেন। যা ম্যাচের ভাগ্য পরিবর্তনে বড় ভূমিকা রেখেছে বলেই মনে করেছেন ম্যাচসেরা নির্বাচনে জড়িত ধারাভাষ্যকারেরা।

ব্যাটিংয়ে উডের অবদান রাখার সুযোগই ছিল না। তিনি মূলত মাঠে নেমেছেন সুপার সাব হিসেবে। বোলিংয়ে ২ ওভারে রান দিয়েছেন ২১। যেখানে তাঁর দল ভাইপার্সের দেওয়া ১৯৩ রানের লক্ষ্য তাড়া করতে নেমে নাইট রাইডাইর্স ১৪০ রানেই গুটিয়ে গেছে। বোঝাই যাচ্ছে, অবদান রাখতে গিয়ে আরও পিছিয়ে দিয়েছেন উড!

সেটা অবশ্য ফিল্ডিংয়েই পুষিয়ে দিয়েছেন উড। শুরুটা কাইল মায়ার্সের ক্যাচ দিয়ে। অষ্টম ওভারে তখন নাইট রাইডার্সের রান ১ উইকেটে ৬৮। ওভারের পঞ্চম বলটিতে ছক্কা মেরে সবে খোলস ছেড়ে বেরিয়েছেন মায়ার্স। শেষ বলটিও ডিপ স্কয়ার লেগ দিয়ে ছক্কাই হতো, যদি না বাউন্ডারিতে উড না থাকতেন!

---

## এ বিভাগের আরও খবর




**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...




**জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত**
ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...



### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...

---




### তিন ইনিংসে □তিন ডাক□ লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/sports/%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%A8-%E0%A6%A8%E0%A7%87%E0%A6%87%E2%80%93%E0%A6%89%E0%A6%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%9F-%E0%A6%A8%E0%A7%87%E0%A6%87,-%E0%A6%A4%E0%A6%AC%E0%A7%81-%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%9A%E0%A6%B8%E0%A7%87%E0%A6%B0%E0%A6%BE